

💵 আত্ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ৫৬৭

৫. সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৪০) ইচ্ছাকৃতভাবে নামায পরিত্যাগ করা ও অলসতা বশতঃ নামাযের সময় পার করে দেয়ার প্রতি ভীতি প্রদর্শন

الترهيب من ترك الصلاة تعمدا وإخراجها عن وقتها تهاونا

আরবী

(حسن لغيره) وَعَنْ أَبِيْ الدَّرْداَءِ رَضِيَ اللَّهُ عَنْهُ قال أوصاني خليلي صلَّى اللَّهُ عَلَيْهِ وَسلَّمَ أَن لا تُشْرِكْ بِاللَّهِ شَيْئًا وَإِنْ قُطِّعْتَ وَإِنْ وَحُرِّقْتَ وَلَا تَتْرُكْ صَلَاةً مَكْتُوبَةً مُتَعَمِّدًا فَمَنْ تَرَكَهَا مُتَعَمِّدًا فَقَدْ بَرِئَتْ مِنْهُ الذِّمَّةُ وَلَا تَشْرَبْ الْخَمْرَ فَإِنَّهُ مِفْتَاحُ كُلِّ شَرِّ. رواه ابن ماجه والبيهقي

বাংলা

৫৬৭. (হাসান লি গাইরিহী) আবু দারদা (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমার বন্ধু (মুহাম্মাদ সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) আমাকে ওসীয়ত করেছেনঃ "তুমি আল্লাহর সাথে কোন কিছুকে শরীক করবে না- যদিও তোমাকে কেটে টুকরো করে দেয়া হয় বা আগুনে পুড়িয়ে ফেলা হয়। ইচ্ছাকৃতভাবে ফরয নামায পরিত্যাগ করবে না। কেননা যে ব্যক্তি উহা ইচ্ছাকৃতভাবে পরিত্যাগ করে, সে (আল্লাহর) জিম্মা মুক্ত হয়ে যায়। মদ্যপান করবে না, কেননা উহা সকল অশ্লীলতার চাবি।" (ইবনে মাজাহ ৩০৩৪ ও বায়হাকী হাদীছটি বর্ণনা করেছেন ৭/৩০৪)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবুদ দারদা (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন